

আরবিআই/২০১১-১২/২৫১

ডিবিওডি.এএমএল বিসি.নং ৪৭/১৪.০১.০০১/২০১১-১২

নভেম্বর ৪, ২০১১

সভাপতি/মুখ্য নির্বাহীকগণ
সমস্ত তফসিলভুক্ত বাণিজ্যিক ব্যাঙ্ক
(আঞ্চলিক গ্রামীণ ব্যাঙ্কগুলি ব্যতীত)/
লোকাল এরিয়া ব্যাঙ্ক

প্রিয় মহাশয়,

চেক/ড্রাফট/পে-অর্ডার/ব্যাঙ্কার্স চেক-এর বিনিময়ে অর্থপ্রদান

ভারতে ব্যাঙ্ক পরিচালকদের মধ্যে স্বাভাবিক রীতি এই যে তারা সেই সমস্ত চেক এবং ড্রাফটগুলির বিনিময়ে অর্থপ্রদান করে থাকেন যেগুলি অর্থপ্রাপ্তির জন্য লেখ্যের তারিখ থেকে ছয় মাসের মধ্যে উপস্থাপিত করা হয়।

২. ভারত সরকার কর্তৃক ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কের নজরে আনা হয়েছে যে কিছু মানুষ ব্যাঙ্কগুলির লেখ্যের তারিখ থেকে ছয় মাসের মধ্যে উপস্থাপিত হলে চেক/ড্রাফট/পে-অর্ডার/ব্যাঙ্কার্স-চেকগুলির বিনিময়ে অর্থপ্রদান করার উক্ত রীতির অন্যান্য সুযোগ নিয়ে এই লেখ্যগুলিকে নগদ অর্থের মতো ছয় মাস ধরে বাজারে ব্যবহার করছে। ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক এব্যাপারে নিশ্চিত যে জনস্বার্থে এবং ব্যাঙ্কিং নীতির স্বার্থে চেক/ড্রাফট/পে-অর্ডার/ব্যাঙ্কার্স-চেকগুলির বিনিময়ে অর্থপ্রদান করার জন্য লেখ্যের তারিখ থেকে ছয় মাসের মধ্যে উপস্থাপিত করার সময়সীমা কমিয়ে তিন মাস করা প্রয়োজন। তদনুযায়ী, ব্যাঙ্কিং রেগুলেশন অ্যাক্ট, ১৯৪৯-এর ধারা ৩৫ দ্বারা প্রদত্ত ক্ষমতা প্রয়োগ করে ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক এতদ্বারা নির্দেশ দিচ্ছে যে লেখ্যের তারিখ থেকে তিন মাসের পরে উপস্থাপিত করলে সেই অথবা পরবর্তী তারিখাঙ্কিত চেক/ড্রাফট/পে-অর্ডার/ব্যাঙ্কার্স-চেক-এর বিনিময়ে ব্যাঙ্কগুলি যেন অর্থপ্রদান না করে এবং এই নির্দেশ কার্যকর হবে এপ্রিল ১, ২০১২ থেকে।

৩. ব্যাঙ্কগুলির উচিত এই নির্দেশগুলি কঠোরভাবে পালন করা এবং এই ধরনের লেখ্য যাঁদের কাছে আছে তাঁদের এপ্রিল ১, ২০১২ তারিখ বা তৎপরবর্তী তারিখে জারি করা চেকের পাতায়, ড্রাফট, পে-অর্ডার এবং ব্যাঙ্কার্স চেকসমূহের-এর উপর মুদ্রিত করে বা সিলমোহরের সাহায্যে রীতি পরিবর্তনের বিষয়টি জ্ঞাপিত করা এবং উপযুক্ত নির্দেশ জারি করে লেখ্যের তারিখ থেকে তিন মাসের মধ্যে সেগুলি উপস্থাপিত করার কথা জানানো।

৪. দয়া করে প্রাপ্তিস্বীকার করুন।

(দীপক সিঙ্খল)

দায়িত্বপ্রাপ্ত মুখ্য মহাপ্রবন্ধক